# ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৩৯তম (আগস্ট, ২০২২খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শাহিদ মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
তারিখ : ১১ আগস্ট, ২০২২খ্রি.।
সভার স্থান : উপজেলা কৃষক প্রশিক্ষণ কক্ষ, উপজেলা কৃষি দপ্তর, নীলফামারী সদর, নীলফামারী।
সময় : সকাল ১১.৩০ঘটিকা

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানান এবং আসন্ন জাতীয় শোক দিবস উপলক্ষে সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১মিনিট নিরবতা পালন করে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ২০-০৭-২০২২খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে। তিনি জানান যে, কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সকল কমিউনিটি ক্লিনিকে ওষুধের তালিকা চার্ট ঝুলানো হবে। তিনি আরও জানান, যারা এখনও কোভিড-১৯ এর ১ম ও ২য় ডোজ টিকা গ্রহণ করেন নাই। তাদের দ্রুত টিকা গ্রহণ করার বিষয়ে তিনি প্রচারনা চালানোর জন্য সকলকে অনুরোধ করেন। | ১। কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান আব্যাহত রাখতে হবে।<br>৩। কমিউনিটি ক্লিনিকে ওষুধের তালিকা চার্ট দর্শনীয় স্থানে টানাতে হতে।<br>৩। কোভিড-১৯ এর ১ম ও ২য় ডোজ টিকা গ্রহণের জন্য প্রচার-প্রচারণা চালাতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি, তবে উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আমন মৌসুমে কৃষদেরকে পরামর্শ প্রদান করা হচ্ছে। রাসায়নিক সার ও কীটনাশকের বাজার মূল্য নিয়ন্ত্রণের জন্য নিয়মিত বাজার পরিদর্শন করা হচ্ছে। তিনি আরও জানান যে, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২৩-২৯ জুলাই ২০২২ পর্যন্ত সারা দেশের ন্যায় নীলফামারী সদর উপজেলাতেও জাতীয় মৎস্য সপ্তাহ পালন করা হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে ৩০জন সাংবাদিক নিয়ে সংবাদ সম্মেলন করা হয়, ঢেলাপীর বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে ৪৬০০মিটার কারেন্ট জাল বিনষ্ট করা হয়েছে, উন্নত জাতের তেলাপিয়া মাছের পোনা ৪০০০টি ও ৭৫০০টি গুলসা-টেংরা মাছের পোনা মৎস্য চাষিদের মাঝে বিতরণ করা হয়েছে, উপজেলা পরিষদ পুকুরে ৩০ কেজি মাছে পোনা অবমুক্ত করা হয়েছে, ৩০ জন মৎস্য চাষিকে পরামর্শ প্রদান করা হয়েছে, ৮জন মৎস্য চাষির পুকুরের পানি পরীক্ষা করে পরামর্শ প্রদান করা হয়েছে এবং টুপামারী ইউনিয়নের ঢুলিয়া পাড়া গ্রামে ৬০জন মৎস্য চাষিকে নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। অবৈধ কারেন্ট জাল ব্যবহারে জনগণকে নিরুতসাহিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, জুলাই ২০২২খ্রি. মাসে তার দপ্তর হতে ২০০০টি গবাদিপশু ও ১১৫৮৩টি হাঁসমুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৪০০টি ও তরল সিমেনদ্বারা ৫৭৬টি গবাদিপশুকে কৃত্রিম প্রজন করা হয়েছে এবং বেসরকারিভাবে এক একর জমিতে উন্নত জাতের ঘাসের চাষ হয়েছে। | জনসাধারণের মাঝে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে উৎসাহিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে জুলাই, ২০২২খ্রি. মাসে খাবার বড়ি ২৭২০৮ চক্র, আপন ৭১৩ চক্র, কনডম ১০৪০৬পিস, ইনজেকশন ৩১৬১ ভায়াল বিতরণ করা হয়েছে এবং আই.ইউ.ডি ৬১জনকে, ইমপ্ল্যান্ট ২০জনকে ও ই.সি.পি ৩৪জনকে প্রদান করা হয়েছে। তিনি সকলকে অবহিত করেন যে, ১৫ আগস্ট জাতীয় শোকদিবস উপলক্ষে ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্র আগামী ১৫-৯-২০২২খ্রি. তারিখ খোলা থাকবে এবং প্রান্তিক জনগোষ্ঠি সেবা গ্রহণ করতে পারবেন।<br>এ পর্যায়ে সভার সভাপতি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দৃষ্টি আকর্ষন এবং ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে আসবাবপত্রের প্রয়োজনীয়তা থাকলে উপজেলা পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করেন। | ১। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনসাধারণকে উৎসাহ প্রদান করতে হবে।<br>২। ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে আসবাবপত্রের প্রয়োজনীয়তা থাকলে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নীলফামারী সদর। |
| **০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিষদ চত্বরে ০২(দুই) টি সীমানা প্রাচীর নির্মাণ কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে। গত ৩১-০৭-২০২২খ্রি. তারিখে ০১(এক) টি গেট নির্মাণ এবং বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের তথ্যাদি সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে পুনরায় প্রেরণ করা হয়েছে। উপজেলা পরিষদের ক) কর্ণফুলি খ) তিস্তা গ) যমুনা ভবন জরাজীর্ণ এবং বসবাসের অনুপযোগী হওয়ায় নিলামের জন্য বাজার মূল্য নির্ধারণের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তীতে উপস্থাপন করা হবে। এ উপজেলাধীন প্রস্তাবিত নতুন সড়ক Road Inventory তে অর্ন্তভূক্ত করার লক্ষ্যে পরিশিষ্ট "গ" এবং পরিশিষ্ট "ঘ" এ রাস্তার নাম ও আইডি নম্বর সভায় অনুমোদনের জন্য তিনি উপস্থাপন করেন। তিনি আরও বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তে ১ম কিস্তিতে ২১.৪৭ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল খাত হতে, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে ২.০০ কোটি টাকা স্থানান্তরিত করা হয়েছে। এডিপির ১ম কিস্তির ন্যায় সম্ভব্য ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিসহ মোট ২১.৪৭X ৪= ৮৫.৮৮ লক্ষ টাকা রাজস্ব তহবিল হতে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ২.০০ কোটি টাকা, সর্বমোট ২,৮৫,৮৮,০০০/- টাকার বিপরীতে প্রকল্প গ্রহণের নিমিত্তে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/বিভিন্ন প্রতিষ্ঠানের প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ১৫টি ইউনিয়ন পরিষদ চেয়াম্যানগণ স্ব-স্ব ইউনিয়নের প্রকল্প তার দপ্তরের দাখিল করেছেন। আর কোন প্রতিষ্ঠানের প্রকল্প অত্র দপ্তরে দাখিল করেনি। পূণার্ঙ্গ প্রকল্প সঠিক সময়ে দাখিল না করা হলে সিডিউল সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করা সম্ভব্য হবে না মর্মে তিনি জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, এ উপজেলার আওতায় বিভিন্ন উন্নয়ন মূলক কাজগুলি চলমান রয়েছে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জরুরি ভিত্তিতে এডিপির প্রকল্প তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১। দ্রুত সময়ের মধ্যে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের দরপত্র আহবান করতে হবে।<br>২। উপজেলা পরিষদের গেট ও বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে দরপত্র আহবান করতে হবে।<br>৩) উপজেলা পরিষদের ক) কর্ণফুলি, খ) তিস্তা ও গ) যমুনা জরাজীর্ণ আবাসিক ভবন নিলামে বিক্রয়ের জন্য বাজার মূল্য নির্ধারণ করে আগামী সভায় উপস্থাপন করবেন।<br>৪। প্রস্তাবিত নতুন সড়ক Road Inventory তে অর্ন্তভূক্ত করার লক্ষ্যে পরিশিষ্ট "ক" ও পরিশিষ্ট "খ" এ উল্লিখিত রাস্তার নামের পার্শে উল্লিখিত আইডি সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। জরুরি ভিত্তিতে এডিপির প্রকল্প তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, নীফামারী সদর।<br>২।সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, নীলফামারী সদর<br>৩। চেয়ারম্যান ইউপি সকল নীলফামারী সদর |
| **০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল প্রকার ভাতা সুষ্ঠভাবে বিতরণ সম্পন্ন হয়েছে এবং পল্লী সমাজসেবা ও পল্লী মাতৃকেন্দ্রসহ ঘূর্ণয়মান তহবিলের ঋণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর। |
| **০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর জানান যে, আত্মকর্মসংস্থান এবং উত্তরবঙ্গ প্রকল্পের তহবিল হতে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক। ঋণ খেলাপীর সংখ্যা ২৭০জন। বকেয়া ঋণ আদায়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১। ঋণ খেলাপীদের ঋণ পরিশোধের বিষয়ে তাগিদ প্রদান করতে হবে।<br>২। যুব ঋণ আদায়ের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান সহযোগিতা করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী কার্যপত্রের মাধ্যমে জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারীর আওতায় সদর উপজেলায় জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা বৃদ্ধির জন্য ০৫টি ট্রেডে ২০ জন করে ১০০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলছে। | ১। জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে।<br>২। ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| 'দুঃস্থ মহিলা উন্নয়ন" কর্মসূচি(ভিজিডি)এর আওতায় বরাদ্দ না পাওয়ায় জুলাই-২০২২খ্রি. মাসে চাল পুষ্টি চাল বিতরণ বন্ধ রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় বরাদ্দ না থাকায় নীলফামারী পৌরসভা ও ইউনিয়নে নির্বাচন কার্যক্রম বন্ধ আছে। G2P পদ্ধতিতে ২০২১-২০২২ অর্থ বছরের দরিদ্র মার জন্য মাতৃত্বকালীন ভাতা উপকারভোগীদের মাঝে বিতরণ কার্যক্রম চলমান আছে। ক্ষুদ্রঋণ দান কর্মসূচির আওতায় ঋণ আদায় কার্যক্রম চলম এবং এ উপজেলায় ২৯২৫/-টাকা আদায় হয়েছে। স্বাস্থ্য বিধি মেনে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান। বাল্যবিবাহ, মানব পাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা কার্যক্রম চলমান। নারী ও শিশু নির্যাতন ও পাচার প্রতিরোধে সচেতনতামূলক সভা স্বাস্থ্যবিধি মেনে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। যৌতুক, বাল্যবিবাহ, ধর্ষণ ও ইভটিজিং কার্যক্রম বন্ধের বিষয়ে জেলা প্রতিরোধ কমিটির মাধ্যমে উঠান বৈঠকের কার্যক্রম চলমান আছে।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, সদর উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পদ না থাকায় নীতিমালা অনুযায়ী প্রোগ্রাম অফিসার দায়িত্ব পালন করেন। কিন্তু দীর্ঘদিন যাবত প্রোগ্রাম অফিসারের পদটিও শুন্য রয়েছে, ফলে এ উপজেলার কার্যক্রমে গতি ত্বরান্বিত হচ্ছেনা। কাজেই নীলফামারী সদর উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার পদায়নের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | ৩। যৌতুক, বাল্যবিবাহ, ধর্ষণ ও ইভটিজিং, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৪। নীলফামারী সদর উপজেলায় মহিলা বিষয়ক কার্যালয়ের কাজের গতি বৃদ্ধির জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার পদায়নের বিষয়ে জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় প্রস্তাব উপস্থাপন/উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৩য় পর্যায়ের প্রাপ্ত ৩৯০টি অগভীর নলকূপ ও অগভীর তারা নলকূপ স্থাপন কাজ শেষ পর্যায় এবং "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ের বরাদ্দ পাওয়া গিয়াছে। নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক প্রকল্পের কাজ শুরু করা হবে। | ১। চলমান প্রকল্পের কাজসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক প্রকল্পের কাজ শুরু করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযথভাবে পালনের জন্য সকল প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ সফলভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি আরও জানান যে, নীলফামারী-সৈয়দপুকর মহাসড়ক সম্প্রসারণের লক্ষ্যে জানকীনাথ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি রাস্তায় অধিগ্রহণ হওয়ায় তিনি উপজেলা পরিষদকে অবহিত করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চাপড়াসরমজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১টি কাঠাল গাছ জেলা পরিষদ কর্তৃক নিলামে বিক্রয়ের গ্রহণ করেছে। উক্ত গাছটি যাতে জেলা পরিষদ বিক্রয় করতে না পারে, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে তিনি অনুরোধ করেন।<br>এ পর্যায়ে সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান বৃদ্ধির জন্য ক্লাস্টারের দায়িত্ব প্রাপ্ত সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাগণের সহযোগিতা সকলকে কাজ করতে হবে। | ১। সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। চাপড়াসরমজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১টি কাঠাল গাছ যাতে জেলা পরিষদ কর্তৃক নিলামে বিক্রয় করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাগণের সমন্বয়ে সংশ্লিষ্ট সকলকে কাজ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর<br>২। উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর<br>৩। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর জানান যে, সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আগামী সভায় সমবায় বিভাগের কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অনলাইনে ইউনিক আইডির কার্যক্রম চলছে। জন্ম নিবন্ধন ছাড়া ইউনিক আইডির কাজ করা সম্ভব নয় মর্মে তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে শিক্ষার্থীদের অনলাইন জন্ম সনদ প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি আরও জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতিতে পাঠদান কার্যক্রম চলমান। মাল্টিমিডিয়া ক্লাশ রুম মনিটরিং চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রকিয়া চলমান। | ১। শিক্ষার্থীদের ইউনিক আইডির কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। অনলাইন জন্ম নিবন্ধন সনদ প্রদানের বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও ইউপি চেয়ারম্যান(সকল) নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে সাধারণ ও নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়াছে। নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক প্রকল্প গ্রহণ করা হবে। | টিআর ও কাবিটা প্রকল্পের প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি, নীলফামারী সদরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | চলমান প্রকল্পের কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে খাদ্য গুদামে চাল-৮৩৩৬.১৫৪মেঃ টন, ধান-৫৮.১৭০মেঃ টন, গম-০.১৮৬মেঃ টন ও খালি বস্তা প্রায়-৮৪৯১খানা মজুদ রয়েছে।<br>অভ্যন্তরীণ বোরো চাল/ধান সংগ্রহ-২০২২ কার্যক্রম চলমান। জিআর, ইপি, ওপি, ভিজিডি, ভিজিএফ ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। বর্তমান বাজারে ধান ২৫/- থেকে ২৬/-, চাল- ৩৯/- থেকে ৪০/-, গম- ২৪/- থেকে ২৫/-, আটা- ৩৭/- থেকে ৩৮/-, লবণ-৩৫/- থেকে ৪০/-, চিনি- ৮০/- থেকে ৮৫/-, মসুর ডাল-১১০/-থেকে ১৪০/- প্রতি কেজি দরে বিক্রি হচ্ছে এবং সয়াবিন তেল ২০০/- থেকে ২১০/- প্রতি লিটার দরে বিক্রি হচ্ছে। বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৬দিন সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০মেঃ টন করে মোট ৫.০০০মেঃ টন চাল প্রতি কেজি ৩০/- টাকা দের বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। ওএমএস কার্যক্রমে আটা বিক্রয় বন্ধ আছে। সরকারি নির্দেশনা আসলে পুনরায় আটা বিক্রি চালু হবে। ভিজিডি খাতে জুলাই ও আগস্ট ২০২২ মাসে কোন বরাদ্দ পাওয়া যায়নি। এ উপজেলায় চলতি বোরো মৌসুমে কৃষকের অ্যাপের মাধ্যমে প্রকৃত ধান উৎপাদনকারী কৃষকের নিকট হতে বোরো ধান ক্রয় চলমান রয়েছে। প্রতি কেজি ধানের ক্রয় মূল্য ২৭/-টাকা। অদ্যাবধি উপজেলায় ৪৫৯.০০০মেঃটন ধান ক্রয় করা হয়েছে এবং উপজেলার অটো ও কাস্কিং মিলের নিকট হতে ৬৩৭৪.৭৩০মেঃটন বোরো সিদ্ধ চাল কয় করা হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্র্য ভোক্তার তালিকা অনলাইন ডাটাবেজে যাচাইয়ের কাজ চলমান রয়েছে। আগামী সেপ্টেম্বর,২০২২ মাসে চাল বিতরণের পূর্বেই সকল ভোক্তার তথ্য অনলাইনে যাচাইয়ের কাজ সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে গত ১৩-৬-২০২২খ্রি. তারিখ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ কর্তৃক উপজেলার সকল ইউনিয়নের উদ্যোক্তা ও খাদ্য বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের জুম অ্যাপে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং খাদ্যবন্ধব কর্মসূচির ভেরিফাইড ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান যে, বিভিন্ন খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ সঠিকভাবে চলছে। | ১। কৃষকের অ্যাপের মাধ্যমে প্রকৃত ধান উৎপাদনকারী কৃষকের নিকট হতে বোরো ধান সংগ্রহ করতে হবে।<br><br>২। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্র্য ভোক্তার তালিকা অনলাইন ডাটাবেজে অন্তর্ভূক্তির কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, জুলাই, ২০২২খ্রি. মাসে উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১৮.১। আউশ ও পাট ফসলের নমুনা কর্তন তালিকা প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। আউশ ও পাট ফসলের পূর্বাভাস জরিপ প্রতিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। মৎস্য উৎপাদন জরিপ ও গবাদি পশু ও হাঁস-মুরগী প্রাক্কলন জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় আইন শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, নীলফামারী সভায় জানান যে, আমন মৌসুম চলমান রয়েছে। আমন মৌসুমে সেচ প্রদানের লক্ষ্যে ৬৩টি গভীর নলকূপ প্রস্তুত রয়েছে এবং তার মধ্যে ৪১টি গভীর নলকূপ ব্যবহার হচ্ছে। এ পর্যন্ত ৬২৮ হেক্টর জমিতে আমন ধানের চারা রোপনের জন্য সেচ প্রদান করা হয়েছে। আমন ধানের পাশাপাশি বর্ষাকালীন শাক-সবজিতেও সেচ প্রদান অব্যাহত আছে। ইআইআর প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলার অন্তর্গত সংগলশী ইউনিয়নের দীঘলডাঙ্গী মৌজায় জেএল নং-৮১ এবং দাগ নং ৬৫৪১ এ একটি ডাগওয়েল এর কাজ সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান যে, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। | চলমান আমন মৌসুমে কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ নীলফামারী। |
| ২১. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে । বর্তমানে কোন সমস্যা নাই। তিনি উপজেলা পরিষদ ক্যাম্পসে বিএডিসি অফিসের আঙ্গিনায় কয়েকটি ঝুঁকিপূর্ণ ইউক্লিপটাস গাছ রয়েছে। উক্ত গাছগুলি অপসারণের বিষয়ে তিনি উপজেলা পরিষদকে অনুরোধ করেন। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। বিএডিসি অফিসের আঙ্গিনায় ঝুঁকিপূর্ণ গাছ অপসারণের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর<br>২। উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২২. নির্বাচন কমিশনঃ সভায় উপজেলা নির্বাচন অফিসার জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সদ্য সমাপ্ত হয়েছে। এ কাজে সহযোগিতা করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। | আগামী সভায় দাপ্তরি কার্যমের বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে। | |
| ২২. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৩. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কর্মসূচির আওতায় তথ্যকেন্দ্রে আগত এবং ডোর টু ডোর সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করা হয়েছে। | নারীদের প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় জানা যায় যে, ২০২১-২০২১ অর্থ বছরের অর্থায়নে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং বিভিন্ন ইউনিয়নে ৮টি কমিউনিটি ক্লিনিকে ডেলিভারী রুম নির্মাণ কাজ চলমান রয়েছে। | কমিউনিটি ক্লিনিকে ডেলিভারী রুম নির্মাণ কাজ নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর, নীলফামারী। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, জুলাই, ২০২২খ্রি. মাসে রাজস্ব তহবিল হতে কোন অর্থ ব্যয় করা হয়নি।

আলোচ্যসূচি বিবিধ ০২। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদযাপন প্রসঙ্গে।

সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোকদিবস। উক্ত দিবসটি জাতীয় এবং জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযথভাবে উদযাপনের জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ করেন।

আলোচ্যসূচি বিবিধ ০৩। উপজেলা পরিষদ বাউন্ডারী ওয়াল মেরামত ও রং করণ কাজের প্রাক্কলন ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন।

সভায় আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসের উত্তর ও পশ্চিম পার্শ্বের বাউন্ডারী ওয়াল দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় মেরামত এবং রং করা প্রয়োজন। তিনি উক্ত মেরামত ও রং করণ কাজ সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য ২টি অংশে বিভক্ত করে প্রাক্কলন প্রস্তুত করে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য তিনি প্রস্তাব পেশ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান

CamScanner

ক) কাজের নামঃ উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল মেরামত ও রং করণ(উত্তর দিক, পার্ট-০১)
প্রাক্কলিত মূল্যঃ ১,৪৫,০০০/-টাকা
প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম | পদবি | প্রকল্প পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ শাফিজুল ইসলাম | ইউপি সদস্য, ইটাখোলা ইউপি | প্রকল্প চেয়ারম্যান |
| ০২ | জনাব মনোরঞ্জন রায় | আনসার ও ভিডিপি সদস্য | সদস্য |
| ০৩ | জনাব শাহানাজ বেগম | নারী প্রতিনিধি | সদস্য |
| ০৪ | জনাব মোঃ আব্দুল খালেক | সমাজসেবক | সদস্য |
| ০৫ | জনাব মোঃ মজিবুল ইসলাম | ইউপি সদস্য | সদস্য-সচিব |

খ)কাজের নামঃ উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল মেরামত ও রং করণ(পশ্চিম দিক, পার্ট-০২)
প্রাক্কলিত মূল্যঃ ১,৪৫,০০০/-টাকা
প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম | পদবি | প্রকল্প পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ওবায়দুল ইসলাম | ইউপি চেয়ারম্যান | প্রকল্প চেয়ারম্যান |
| ০২ | জনাব মোছাঃ মনজিলা বেগম | ইউপি সদস্য | সদস্য |
| ০৩ | জনাব মোঃ গোলাম মোস্তফা | ঈমাম | সদস্য |
| ০৪ | জনাব মোঃ আব্দুল কুদ্দুস | সামজসেবক | সদস্য |
| ০৫ | জনাব মোঃ আশিকুর ইসলাম | ইউপি সদস্য | সদস্য-সচিব |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯.০৮.২০২২
(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ৩৮ (৫০)

তারিখঃ ০২ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৭ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান, ...........................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

১৭/০৮/২০২২

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০৫৫১-৬১৩৯৬
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

১৭/৮/২০২২

CamScanner